দৈনিক
ইত্তেফাক

তারিখ 22 SEP 2016
পৃ: ১৬ কলাম ৪

# মনোহরগঞ্জে শিক্ষা উপবৃত্তির ৯ লক্ষাধিক টাকা ফেরত!

■ মনোহরগঞ্জ (কুমিল্লা) সংবাদদাতা

মনোহরগঞ্জ উপজেলায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীনে প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি প্রকল্পের (৩য় পর্যায়) ৯ লক্ষাধিক টাকা সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে ফেরত দেওয়া হয়েছে।

এদিকে উপজেলার ৩ হাজার ৪ শ ৫৪ জন শিক্ষার্থী উপবৃত্তির সুবিধা থেকে বঞ্চিত হয়েছে।

জেলা উপবৃত্তি মনিটরিং অফিসার আনোয়ার হোসেন জানান, সরকারি নীতিমালা অনুযায়ী পরীক্ষায় ৩৩ শতাংশ নম্বর পাওয়া এবং বিদ্যালয়ে ৮৫ শতাংশ উপস্থিত থাকা বাধ্যতামূলক। অন্যথায় শিশুরা এ উপবৃত্তি থেকে বঞ্চিত হওয়ার বিধান রয়েছে। তা ছাড়া অনেক অভিভাবক উপবৃত্তির টাকা উত্তোলন না করায় ওই টাকাও ফেরত গেছে।